



Government of West Bengal

DEPARTMENT OF SCHOOL EDUCATION

STATE COUNCIL OF EDUCATIONAL RESEARCH & TRAINING

DISTRICT INSTITUTE OF EDUCATION & TRAINING

VILL. - Gandhigram, P.O.- Rajhat. DIST. - Hooghly, PIN - 712123

website: hooghly.scertwb.org e-mail: principal.hooghly@scertwb.org

Memo No. ১৭৪/DIET -HOOGHLY/26

Date: 19.03.2026

পুন:বিজ্ঞপ্তি

গান্ধীগ্ৰাম জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থার নিজস্ব সম্পত্তি বলে চিহ্নিত সংস্থার প্রাচীরের মধ্যে অবস্থিত সমস্ত আমগাছের (দুটি দো-ফলা আমগাছসহ) ও লিচুগাছের এই বছরের আম ও লিচু বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি বর্গের কাছ থেকে সিল করা টেন্ডার অর্থাৎ মুখবন্ধ খামে দরপত্র নিম্নলিখিত শর্তসাপেক্ষে আহ্বান করা হচ্ছে। বাস্ক ও টেন্ডার খোলা হবে আগামী ২৫/০৩/২০২৬ তারিখে দুপুর ১২:৩০ টায়। টেন্ডার দাতাগণের নির্দিষ্ট সময়ে উপস্থিতি কাম্য। টেন্ডার জমা দেওয়ার শেষ তারিখ ও সময় : ২৫/০৩/২০২৬ সকাল ১১:০০টা। টেন্ডার বাস্ক খোলার শেষ তারিখ ও সময় : ২৫/০৩/২০২৬ দুপুর ১২:৩০টা।

শর্তাবলী :

১. টেন্ডারের সর্বনিম্ন মূল্য ১২,০০১/- (বারো হাজার এক) টাকা।
২. সংস্থার কর্তৃপক্ষের বিবেচনায় যিনি সর্বোচ্চ নগদমূল্য দিতে সম্মত হবেন তিনি এবছরের আম ও লিচু ক্রয় করার অধিকার পাবেন।
৩. সংস্থার কোন গাছের ডাল কাটা বা কোনরূপ ক্ষতি করা চলবে না, করলে যথোপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে।
৪. নিরাপত্তা, সংস্থার পঠনপাঠন কাজ, সংস্থার শৃঙ্খলার কারণে কোন ভারী গাড়ী অর্থাৎ লরি, ম্যাটাডোর সংস্থার ভিতরে প্রবেশ করানো যাবে না। আম বয়ে নিয়ে যাওয়ার জন্য বিশেষ ব্যবস্থা হিসাবে রিক্সা-ভ্যান ব্যবহার করা যেতে পারে।
৫. সংস্থার মহিলা ছাত্রাবাসে অবস্থিত আমগাছের আমপাড়া বা অন্য কাজে সংস্থার দেওয়া নির্ধারিত সময়ে প্রবেশ করতে হবে। মহিলা ছাত্রাবাসে যখন-তখন যাওয়া যাবে না।
৬. উপরোক্ত সকল শর্ত মানতে রাজী থাকলে তবেই দরপত্র জমা দেবেন।

19.03.26

Senior Lecturer In-Charge
DIET, Hooghly

Senior Lecturer-in-charge
District Institute of Education & Training
Govt. of West Bengal
Gandhigram, P.O.- Rajhat, Dist.-Hooghly-712123